

## বিবরণী - ১

সংযুক্ত তহবিল (রাজস্ব মূলধন)

স্থিতির সংক্ষিপ্ত বিবরণ

৩০ শে জুন, ২০১১

(অংকসমূহ হাজার টাকায়)

খরচ	বিবরণ	তফসিল নং	জমা
১৮৭৬৫২,১৫,০৬	প্রারম্ভিক স্থিতি		
	২০১০-১১		
	রাজস্ব ও অনুদান	০১	১০১৬২৭,৮৮,৬০
	মূলধন প্রাপ্তি (ঋণ ও অগ্রিম ব্যতীত)	০১	৪০,৩৯,৫০
৯৩৮০৪,৮৫,৪৬	রাজস্ব ব্যয়	০২,০৩	
২৮৫০২,৯৩,১৩	মূলধন ব্যয় (ঋণ ও অগ্রিম ব্যতীত)	০৪,০৫	
২০৮২৯১,৬৫,৫৪	সমাপনী স্থিতি - ৩০ শে জুন, ২০১১		

সরকারি হিসাবে স্থানান্তরিত স্থিতি

প্রজাতন্ত্রের হিসাব প্রণয়ন পদ্ধতি অনুসারে সংযুক্ত তহবিলের অন্তর্গত রাজস্ব, মূলধন প্রাপ্তি ও ব্যয় এর স্থিতি বিস্তারিতভাবে প্রদর্শন করা হয় না। এ বিবরণীতে বছরান্তের সকল প্রাপ্তি ও ব্যয়ের একটি স্থিতি নির্ণয় করে পরবর্তী বছরে স্থানান্তরিত হয়। ১৬/১২/১১ তারিখে শূন্য স্থিতি ধরে হিসাব শুরু করা হয়েছে।

## বিবরণী - ২

### ঋণ ও অগ্রিম

#### ঋণ ও অগ্রিমের স্থিতির সংক্ষিপ্ত বিবরণ ৩০ শে জুন, ২০১১

(অংকসমূহ হাজার টাকায়)

খরচ	বিবরণ	তফসিল নং	জমা
২০৮২৯১,৬৫,৫৫	প্রারম্ভিক স্থিতি (বিবরণী ১ হতে প্রাপ্ত)		
	২০১০-১১		
	প্রদত্ত ঋণ		
৫৮৮৮৭,২৮,৪২	বিবিধ ঋণ ও স্থানীয় প্রতিষ্ঠানসমূহকে দেয় ঋণ	০৮	
৩৮৬,৪৯,২৭	সরকারি কর্মচারীদের জন্য ঋণ	০৮	
	গৃহীত ঋণ		
	স্থায়ী ঋণ	০৯	৫৫১৯৬,০৯,৪২
	চলতি ঋণ	০৯	৪১৭২৩,১০,৫২
	বৈদেশিক ঋণ	০৯	৭৫৬৫৪,০৫,৪৫
১৮৫,৩০,৭৯	আই এম এফ এর সহিত আদান প্রদান	০৯	
৯৫১৭৭,৪৮,৬৪	সমাপনী স্থিতি - ৩০ শে জুন, ২০১১		

#### ঋণ ও অগ্রিমের স্থিতি

সরকার স্বায়ত্বশাসিত সংস্থা ও সরকারি কর্মচারীগণকে ঋণ প্রদান করে থাকে। অপরদিকে অভ্যন্তরীণ ও বিদেশ হতে ঋণ সংগ্রহ করা হয়। স্থায়ী ঋণ (যথাঃ ওয়েজ আর্নার বন্ড ও মেয়াদি বন্ড) ও চলতি ঋণ (যথাঃ ট্রেজারি বিল ও উপায় উপকরণ অগ্রিম) অভ্যন্তরীণ ঋণের অন্তর্গত। সরকার বিভিন্ন দাতা সংস্থা এবং দেশ হতে ঋণ সংগ্রহ করে। এসকল ঋণ প্রাপ্তি ও পরিশোধের স্থিতি বছরান্তে নির্ণয় করা হয়। বৈদেশিক ঋণ অবমুক্তির সময়কালে বিনিময় হার অনুসারে ৩০ শে জুন, ২০১১ তারিখে স্থিতি দাড়াই ৭৫৬,৫৪০,৫৪৫ হাজার টাকা, কিন্তু ঐ তারিখে বিনিময় হার অনুসারে এর পরিমাণ দাড়াই ১,৫৩৩,২৮৫,৭৮০ হাজার টাকা।

## বিবরণী - ৩

### সরকারি হিসাব

### সরকারি হিসাবের স্থিতির সংক্ষিপ্ত বিবরণ

৩০ শে জুন, ২০১১

(অংকসমূহ হাজার টাকায়)

খরচ	বিবরণ	তফসিল নং	জমা
৯৫১৭৭,৪৮,৬৪	প্রারম্ভিক স্থিতি (বিবরণী ২ হতে প্রাপ্ত)		
	২০১০-১১		
	তহবিল বহির্ভূত ঋণ	২৪	৭৮৯৭৫,৭৬,৩৯
	সুদযুক্ত জমা	২৪	৫৪,৬৬,৫১
	সুদযুক্ত জমা	২৪	৯১২৭,০৪,০৫
৪৩৬,৯০,৭৭	চলতি সম্পদ	২৪	
	চলতি দায়	২৪	২৮৪০,১২,৬৩
২২২০,৯৩,৭৪	অনিশ্চিত হিসাব	২৪	
৩৮৮,২১,২৯	ক্যাশ কন্ট্রোল হিসাব	২৪	
	রেমিটেন্স একাউন্ট	২৪	৭৯৯৯,২১,৮১
	সমাপনী স্থিতি - ৩০ শে জুন, ২০১১		৭৭৩,২৬,৯৫

যে সমস্ত হিসাব স্থিতিতে স্থানান্তরিত হয় (Accounts Close to Balances)

এ হিসাবের অন্তর্গত নিম্নখাতসমূহের স্থিতি নির্ধারণ করে বছরান্তে স্থানান্তর করা হয়।

১. তহবিল বহির্ভূত ঋণ- সরকারের সুদযুক্ত দায় দেনা, যেমন, জাতীয় সঞ্চয় পত্র ও রাষ্ট্রীয় ভবিষ্য তহবিল ইত্যাদি।
২. সুদ-যুক্ত জমা- এ তহবিল বিশেষ উদ্দেশ্যে রাজস্ব হতে যোগান অর্থ দ্বারা গঠিত। এ তহবিলের স্থিতির উপর সরকার সুদ প্রদান করে থাকে, যথা রিনিউয়াল রিজার্ভ ফান্ড- টি এন্ড টি, রেলওয়ে অবচয়ের সংরক্ষিত তহবিল ইত্যাদি।
৩. সুদ মুক্ত জমা- যা কর্তৃপক্ষের নির্দেশে সরকারি খাতে জমা দেয়ার শর্তাদি পূরণ সাপেক্ষে সমন্বয়/ফেরত প্রদান করা হয়।
৪. চলতি সম্পদ- সরকারি কর্মচারী ও অন্যান্য সংস্থাকে দেয়া আদায়যোগ্য অগ্রিম এর অন্তর্গত।
৫. চলতি দেনা- অপরিশোধিত পূর্ব নিরীক্ষিত চেক এবং এক টাকা ও দুই টাকার নোট মুদ্রা এর অন্তর্গত।
৬. অনিশ্চিত হিসাব- যে সকল আদান প্রদান কোন কারণ বশতঃ সংশ্লিষ্ট হিসাবের চূড়ান্ত খাতে সমন্বয় করা সম্ভব হয় না সেই সমস্ত লেনদেন সাময়িকভাবে এ খাতে হিসাবভুক্ত করা হয়।
৭. ক্যাশ কন্ট্রোল একাউন্ট- ব্যাংকের ক্যাশ বহির্ভূত বিভাগীয় কর্মকর্তাদের নিকট নগদ স্থিতির হিসাব।
৮. রেমিটেন্স একাউন্ট- ব্যাংক ও বিভাগীয় কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে নগদ আদান প্রদান এর অন্তর্গত।

তারিখঃ ১৭/০৯/১৪২০ বঙ্গাব্দ  
-----।  
৩১/১২/২০১৩ খ্রিষ্টাব্দ

(মোঃ মোসলেম উদ্দীন)  
হিসাব মহা নিয়ন্ত্রক  
বাংলাদেশ।